যুগান্তর

তারিখ ...20 AUG 2015...
পৃষ্ঠা ...2... কলাম ...9...

# প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষা ২২ নভেম্বর শুরু

যুগান্তর রিপোর্ট

আগামী ২২ নভেম্বর শুরু হচ্ছে প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা। বুধবার এ পরীক্ষার সময়সূচি প্রকাশ করেছে প্রাথমিক শিক্ষা অধিদফতর। প্রথম দিন প্রাথমিক ও ইবতেদায়ীতে ইংরেজি বিষয়ে পরীক্ষা নেয়া হবে। ২৩ নভেম্বর উভয় স্তরে হবে বাংলা বিষয়ের পরীক্ষা।

২৪ নভেম্বর প্রাথমিকে বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং ইবতেদায়ীতে পরিবেশ পরিচিতি সমাজ ও পরিবেশ পরিচিতি বিজ্ঞানের পরীক্ষা। ২৫ নভেম্বর প্রাথমিকে প্রাথমিক বিজ্ঞান এবং ইবতেদায়ীতে আরবি বিষয়ের পরীক্ষা।

২৬ নভেম্বর প্রাথমিকে হবে ধর্ম ও নৈতিকতা বিষয়ের পরীক্ষা। একই দিন ইবতেদায়ীতে নেয়া হবে কুরআন ও তাজবিদ এবং আকাইদ ও ফিকহ বিষয়ের পরীক্ষা। ২৯ নভেম্বর হবে উভয়স্তরে গণিতের পরীক্ষা। আড়াই ঘণ্টার এ পরীক্ষা প্রতিদিন সকাল ১১টায় শুরু হবে।

উল্লেখ্য, এবার প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষায় প্রায় ২৯ লাখ ছাত্রছাত্রী অংশ নেয়ার কথা রয়েছে।